

স্মারক নং-৩৭.০৩.৭২৭৪.০০০.০১.০০০.২২/১১৯


তারিখ : ১৬/০৫/২০২২খ্রিঃ।

প্রাপক,

নির্বাহী প্রকৌশলী
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
নেত্রকোণা।

বিষয় : নেত্রকোনা টেকনিক্যাল স্কুল ও কলেজের সীমানা প্রাচীর নির্মাণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাইতেছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি” প্রকল্পের নির্মাণাধীন ৫তলা ভবনের পাইলিংয়ের জন্য নির্মাণ স্থানের মাটি সীমাণা প্রাচীর ঘেঁষে রাখা হয় এবং সীমাণা প্রাচীরটি পুরাতন হওয়ায় প্রতিষ্ঠানের পশ্চিম ও দক্ষিণ পার্শ্বের সীমাণা প্রাচীর অনেকটা ধসে পড়েছে, অবশিষ্ট অংশ ধসে পড়ার উপক্রম হয়েছে। দক্ষিণ পার্শ্বের সীমাণা প্রাচীর ঘেঁষে জনগুরুত্বপূর্ণ চলাচলের পাকা রাস্তা। প্রতিনিয়ত রাস্তা দিয়ে লোকজন যাতায়াত করে। পশ্চিম পার্শ্ব প্রাচীর ঘেঁষে বসত বাড়ি ঘর। এমতাবস্থায় সীমাণা প্রাচীরের অবশিষ্ট অংশ ধসে পড়লে যে কোন ধরনের দুর্ঘটনা ঘটতে পারে। তাছাড়া সীমাণা প্রাচীর ধসে পড়ায় প্রতিষ্ঠানটির নিরাপত্তা বিঘ্নিত হচ্ছে। তাই জানমালের ক্ষয়-ক্ষতি ও প্রতিষ্ঠানের নিরাপত্তা রক্ষায় সীমানা প্রাচীর ঘেঁষা মাটি সরানো এবং প্রাচীর নির্মাণ জরুরী প্রয়োজন। ইহা আপনার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে বিশেষভাবে অনুরোধ করা হইল।


(মুঃ মতিউর রহমান সরকার)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
নেত্রকোণা টেকনিক্যাল স্কুল ও কলেজ,
নেত্রকোণা।


স্মারক নং-৩৭.০৩.৭২৭৪.০০০.০১.০০০.২২/১১৯(৭)

তারিখ : ১৬/০৫/২০২২খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হলো : (জৈষ্ঠ্যতার ভিত্তিতে নহে)

- ০১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
দৃষ্টি-আকর্ষণ : পরিচালক (ভোকঃ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
- ০২। পরিচালক (পরি: ও উন্নঃ) ও প্রকল্প পরিচালক (অ: দা:), কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ৬৪টি টেকনিক্যাল স্কুল ও কলেজের সক্ষমতা বৃদ্ধি” প্রকল্প, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি আগারগাঁও, প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭।
- ০৩। পরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, মাসকান্দা, ময়মনসিংহ-২২০০।
- ০৪। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষাভবন (দ্বিতীয় ব্লক), নবাব আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।
- ০৫। জেলা প্রশাসক, নেত্রকোণা।
- ০৬। নির্বাহী প্রকৌশলী (ডেক্স-১), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষাভবন (দ্বিতীয় ব্লক), নবাব আব্দুল গনি রোড, ঢাকা-১০০০।
- ০৭। নির্বাহী প্রকৌশলী / সহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, নেত্রকোণা।
অনুরোধ করা হইল)।
- ০৮। সংরক্ষণ নথি।




(মুঃ মতিউর রহমান সরকার)

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
নেত্রকোণা টেকনিক্যাল স্কুল ও কলেজ,
নেত্রকোণা।